দৈনিক ইনকিলাব 97

তারিখ ... JUL 4 1999 ..
পৃষ্ঠা ২৫ কলাম ৭

# মাদ্রাসা শিক্ষা বন্ধকারীদের পক্ষে বি. চৌধুরীর বক্তব্য বিকৃত করাই স্বাভাবিক

## —জাতীয় যুব কমান্ড

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** মুক্তিযুদ্ধের চেতনায় লালিত সংগঠন জাতীয় যুব কমান্ডের কেন্দ্রীয় কমিটির সভাপতি জনাব বি এম নাজমুল হক এবং সিনিয়র সহ-সভাপতি জনাব আবদুল্লাহিল মাসুদ এক যুক্ত বিবৃতিতে গত ২৮ জুন বাজেটের উপর বিরোধী দলীয় উপনেতা জনাব বি. চৌধুরীর একটি সুস্পষ্ট বক্তব্যকে সরকারী দলের কতিপয় সংসদ সদস্য কর্তৃক অতিরঞ্জিত, বিকৃত ও বিভ্রান্তিমূলকভাবে প্রচার করার তীব্র নিন্দা জ্ঞাপন করেছেন।

বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, যে দলের সরকার বাবরী মসজিদ ধ্বংসকারী ভারতের প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীকে আমন্ত্রণ জানিয়ে রাজকীয় আতিথেয়তার মাধ্যমে এ দেশের জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে, যে দল মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্ত হিসেবে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মাদ্রাসার এমপিওভুক্তি বাতিলের সার্কুলার জারি করে সেই সরকার যে বিরোধী দলীয় উপনেতার সুস্পষ্ট বক্তব্যকে বিকৃত করে প্রচারের অপচেষ্টা চালাবে তাতে আশ্চর্য হওয়ার কিছুই নেই। বরং বর্তমান সরকারের জন্য এটাই অতি স্বাভাবিক।

নেতৃদ্বয় বলেন, যারা জাতীয় ইমাম সম্মেলনে আল্লাহু আকবর ধ্বনি না দেয়ার সার্কুলার জারি করে, যাদের আমলে ডাস্টবিনে কোরআন শরীফ পাওয়া যায়, ধর্মদ্রোহী তাসলিমা নাসরিনরা নির্বিঘ্নে বিদেশে পাড়ি জমায়, তারা যখন আল্লাহর রাসূল (সঃ)-কে অবমাননা করার অভিযোগে দেশব্যাপী মিছিল করে তখন জনগণ অবশ্যই বুঝতে পারে যে, আসল চক্রান্ত কোথায়? তারা বলেন, বিরোধী দলীয় উপনেতার বাজেট বক্তৃতার উপর ভিত্তি করে সরকারী দল আল্লাহর রাসূল (সঃ)-কে অবমাননার যে মিথ্যা অভিযোগ তুলেছিলেন এ দেশের জনগণ তা অতন্ত ঘৃণাভরে প্রত্যাখ্যান করেছেন। এতে সরকারী দলের ধর্ম নিয়ে রাজনীতি করার হীন চক্রান্ত ফাঁস হয়ে পড়েছে। তারা বলেন, '৭২-৭৫ পর্যন্ত এবং '৯৬-৯৯ পর্যন্ত শাসন আমল ও আওয়ামী লীগের ৫৩ বছরের রাজনীতির ইতিহাস ইসলামের প্রতি ভালবাসার পরিবর্তে ইসলাম বিদ্বেষী মনোভাবের পরিচয় বরং বেশী পাওয়া যায়। তারা বলেন, বর্তমান সরকারের পূর্বসূরিরাই কবি নজরুল ইসলাম কলেজ থেকে 'ইসলাম' শব্দ, ফজলুল হক মুসলিম হল থেকে 'মুসলিম' শব্দ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় মনোগ্রাম থেকে কোরআনের আয়াত অপসারিত করেছিল।

নেতৃদ্বয় দেশের জনগণের ধর্মীয় অনুভূতিকে নিয়ে ভবিষ্যতে এ ধরনের ঘৃণ্য রাজনীতি থেকে বিরত থাকার জন্য সরকারী দলের প্রতি আহবান জানান।